দৈনিক ...................... পত্রিকায়
ও দৈনিক ...................... পত্রিকায়
অত্র নোটিশ / নিলাম ছাপানোর জন্য আদেশ প্রদান করা হইয়াছে।

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

## অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৪) ধারা মোতাবেক

## মোকাম- জজ অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

## অর্থজারী মোকদ্দমা নং-৮৬/২০১২

**সোনালী ব্যাংক পিএলসি,** রমনা কর্পোরেট শাখা, ঢাকা, থানা- রমনা, জেলা- ঢাকা, সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, যাহার প্রধান কার্যালয় সোনালী ব্যাংক ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

................ডিক্রীদার।

## -বনাম-

১। **মেসার্স কে. মার্ট ফ্যাশন লিঃ,** ৪৮৪, ডি.আই.টি. সড়ক মালিবাগ, ঢাকা পক্ষে ব্যবস্থাপনা পরিচালক।

২। **(ক) শাহরিনা রহমান,** পিতা- মরহুম শফিকুর রহমান, ৪৮৪, ডি.আই.টি রোড, মালিবাগ, ঢাকা।

৩। জনাবা **সারমিন রহমান,** পিতা- শফিকুর রহমান, পরিচালক- মেসার্স কে মার্ট ফ্যাশন লি:

৪। **(ক) মারুফ হাসান, (খ) মুনতাহা সামারা হাসান**

৫। **ফেরদৌস আরা রহমান,** পতি- জনাব শফিকুর রহমান, পরিচালক- মেসার্স কে মার্ট ফ্যাশন লিঃ সর্ব সাং- ৪৮৪, ডি.আই.টি রোড, মালিবাগ, থানা- মতিঝিল, জিলা- ঢাকা, সর্ব স্থায়ী ঠিকানা- গ্রাম- পাঠান নগর, থানা- ছাগল নাইয়া, জেলা- ফেনী।

..................দায়িকগন।

এতদ্বারা ডিক্রিদারের প্রাপ্য **৩১/০৫/২০১২ ইং** তারিখ পর্যন্ত পাওনা **৩৯,০৪,৩৮,৪৭৭.০০/- (উনচল্লিশ কোটি চার লক্ষ আটত্রিশ হাজার চারশত সাতাত্তর)** টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী ..........২০/০৮/২৫.......... ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

জজ অর্থ ঋণ আদালত নং-১ ঢাকা

## শর্তাবলীঃ

১. আগামী --২০/০৮/২০২৫-- ইং তারিখে বেলা ০২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২. নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।

৪. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ- ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার **অর্থঋণ আদালত নং-১, ঢাকা** এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫. দর দাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হবার ৯০(নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬. দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে ঐ একই দিন অর্থাৎ --২৩/০৪/২০২৫--- ইং তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭. দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা শায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।

৯. উপরে বর্ণিত ক্রমিক নং ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপক্ষো কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০. দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. সম্পত্তি রেজিষ্ট্রেশণ সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪. আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

**-তফসিল "খ"-**

জেলা- ঢাকা, থানা- রমনা, মৌজা শহর খিলগাঁও হালে সিদ্বেশ্বরী, জে.এল নং- ২৮৭, হালে- ৭, সি.এস খতিয়ান- ২৫৪, এস.এ খতিয়ান সাবেক-২০, মিউটেশন ১৫/১২, সি.এস দাগ নং ২ (দুই) এস.এ দাগ জমির পরিমান ২৭ শতাংশ এর কাতে ০৮ (আট) কাঠা এবং তদুস্থিত নির্মিত নির্মিতব্য নির্মান সামগ্রীসহ হোল্ডিং নং- ৩৫৭/১১/এ, নয়া টোলা, ঢাকা।

**-তফসিল "খ (১)"-**

জেলা- ঢাকা, থানা- গুলশান মৌজা উলুম জে.এল. নং- ২৯০, সাবেক খতিয়ান নং- ২৭/১২, তৎপর এস.এ. খতিয়ান নং- ৫৩, মিউটেশন- ৫৩, কাত সাবেক এস.এ দাগ নং- ১৯৮, এবং ২০০, ১৯৮, জমি ১৯২৫ অযুতাংশ এবং দাগ নং- ২০০ জমি ৪০০০ অযুতাংশ একুনে ২টি দাগে মোট জমি ৫৯২৫ অযুতাংশ।

**-তফসিল "খ (২)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভার অধীন ঢাকা কালেক্টরীর ২৭ নং তৌজিভূক্ত সাকে- ৫৬৬, এস.এ- ৮১, আর.এস- ৮০ নং মৌজা- পলাশ বাড়ীস্থিত সি.এস- ১/১৮, এস.এ- ১৫ এবং ৫০ নং রায়তি খতিয়ান, মিউটেশন খতিয়ান ১৬/কাতে জোত নং ২৫২৪ অধীন সি.এস, ও এস.এ, ১৮০ (একশত আশি) হালে ২৪৬ (দুইশত ছিচল্লিশ), ২৪৭ (দুইশত সাতচল্লিশ) দাগের অন্দরে ১০৩ (একশত তিন) শতাংশ জমি।

**-তফসিল "খ (৩)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভারঅধীন ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সাবেক ৫৬৬, এস.এ- ৮১, আর.এস- ৮৩ নং মৌজা "পলাশবাড়ীস্থিত" সি.এস ১,৭৪ এস.এ ১১৪ মিউটেশন খতিয়ান নং- ১১৪/ কাত নং খতিয়ানের ৬১১ জোতভূক্ত সি.এস, ও এস.এ, ২০০ (দুইশত) নং দাগের অন্ধরে ১৬ (ষোল) শতাংশ জমি।

**-তফসিল "খ (৪)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভার অধীন ঢাকা কালেক্টরীর সাবেক ৫৬৬ এস.এ- ৮১ নং, আর.এস- ৮০ নং মৌজা "পলাশ বাড়ীস্থিত" সাবেক ৭৪/২, এস.এ- ১১৪ বজরত ১৬২

মিউটেশন ১১৪/৫, কাত জোত নং- ৬১১, সি.এস. ও এস.এ, ২০০ (দুইশত) আর.এস. ২৭৯ (দুইশত উনিশ), ২৮০ (দুইশত আশি) নং দাগের অন্দরে ৪৭ (সাতচল্লিশ) শতাংশ জমি।

**-তফসিল "খ (৫)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভারঅধীন ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সাবেক ৫৬৬, এস.এ, ৮১, আর.এস, ৮০ নং মৌজা "পলাশ বাড়ীস্থিত" সি.এস, ১, এস.এ, ৫ হালে ১৬১, সি.এস, ১ এস.এ, ১৪৪ আর.এস, ১৬২, সি.এস, ১ এস.এ, ৫ হালে ১৬১, সি.এস, ১, এস.এ, ১৪৪, আর.এস, ১৬২, মিউটেশন ১১৪/এ, কাত, জোত নং ৬১১, সি.এস, ও এস.এ, ২০০ (দুইশত) আর.এস, ২৭৯ (দুইশত উনআশি) ২৮০ (দুইশত আশি) নং দাগে ২৯ (উনত্রিশ) শতাংশ জমি।

**-তফসিল "খ (৬)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভারঅধীন ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সি.এস ৫৬৫, এস.এ- ৮০, আর.এস ৭৯ নং মৌজা- বাইপাইলস্থিত, সি.এস, ৯৫, এস.এ, ২২৪, আর.এস, ২০৪ ও ১৫১ নং খতিয়ানের নামজারী জমাভাগ ২২৪/কাত নং খতিয়ানে ১৮৭৩ নং তৌজিভূক্ত সি.এস ও এস.এ ৩২৩ (তিনশত তেইশ) আর.এস, ২২০ (দুইশত বিশ) ও ৮৩২ (আটশত বত্রিশ) নং দাগের অন্দওে ২৪২ শতাংশ ইহার কাতে ১০০ (একশত) শতাংশ সম্পত্তি বটে। যাহার চৌহদ্দি- উত্তওে রাস্তা, দক্ষিকে- অন্য দাগের জমি, পূর্বে- ৩২২ নং দাগের ভূমি, পশ্চিমে- ২২৫ নং দাগের ভূমি।

**-তফসিল "খ (৭)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভারঅধীন ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সি.এস- ৫৬৫, এস.এ- ৮০, আর.এস- ৭৯ নং, মৌজা- "বাইপাইলস্থিত", সি.এস- ৯৫, এস.এ- ২২৪, আর.এস ২০৪ ও ১৫০ নং খতিয়ানের নামজারী জমাভাগ ২২৪/কাত খতিয়ানে ৮৭০ নং জোতভূক্ত সি.এস ও এস এ ৩২৩ (তিনশত তেইশ) আর.এস ২২০ (দুইশত বিশ) ও ৮৩২ (আটশত বত্রিশ) নং দাগের অন্দওে ২৪২ শতাংশ ইহার কাতে ৪২ (বিয়াল্লিশ) শতাংশ সম্পত্তি বটে। যাহার চৌহদ্দি- রাস্তা, দক্ষিণে- অন্য দাগের ভূমি, পূর্বে- ৩২২ নং দাগের ভূমি পশ্চিমে- ৩২৫ নং দাগের ভূমি।

**-তফসিল "খ (৮)"-**

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- সাভারঅধীন ঢাকা কালেক্টরীর ২৭ নং তৌজিভূক্তি সি.এস ৫৬৫ এস.এ ৮০, আর.এস ৭৯ নং মৌজা- "বাইপাইলস্থিত" সি.এস ১৩১, এস.এ ২৭৭, আর.এস, ১৫১ নং খতিয়ানে নামজারী জমা ভাগ ২৭৭/কাত নং খতিয়ানে নং ৮৭০ নং তৌজিভূক্ত সি.এস ও এস.এ ৩২২ (আর.এস ৮৩২, ৮৩৩, ৮৩৪ এবং ৮৩৭ নং দাগের ৪৯৩ (চারশত তেরানব্বই) শতাংশ ইহার কাতে ৬৬ ইহার কাতে ৩৩ শতাংশ ইহার কাতে ১৯.৫০ শতাংশ (সাড়ে উনিশ) শতাংশ সম্পত্তি বটে। যাহার চৌহদ্দি- উত্তরে- আকবর আলী, দক্ষিনে- আছর উদ্দিন, পূর্বে- সবদার আলী, পশ্চিমে- কেতু সরকার গং।

**আদালতের আদেশক্রমে-**

সেরেস্তাদার
অর্থঋণ আদালত নং-১, ঢাকা।